# VIEWPOINT - A PHARMA MAG.

DR. B. C. ROY COLLEGE OF PHARMACY & AHS

MEGHNAD SAHA SARANI, BIDHANNAGAR, DURGAPUR-713206

*For Private circulation only*

**ISSUE : 7** *(in house magazine)* **MAY - 2016**

## VOICE OF THE EDITOR



*Welcome back dear readers. After a long interval,* ***VIEWPOINT****, our in-house college magazine is back again to communicate the positive developments that have taken place in the BCRCP campus. The success graph of our institute has increased its reputation as the topmost institute of Pharmaceutical Technology in West Bengal.*

*In a world abuzz with the jarring noises of violence and disturbance, it is difficult to concentrate on creative enterprises. But only constructive creativity and critical re-evaluation can challenge and change the future for better. This issue of* **VIEWPOINT** *sparkles with brilliant contributions of our students and faculty members, much of which are concerned with burning social issues. Let us read them for their aesthetic as well as didactic values.*

*I would like to end by paying tribute to the recently departed great educationist, scientist and former President of India, Dr. A. P. J. Abdul Kalam. Born into a fisherman family, his steady rise to prominence bears witness to the power of determination, dedication and hard work. This life-long worshipper of knowledge, incidentally, breathed his last in a temple of learning. This issue of* ***VIEWPOINT*** *is dedicated to the fond memory of this inspirational man. May God rest his soul in peace. With these words, I bid you adieu.*

Happy Reading.....

**Nasrat Jahan Afrinse**

## LOOK OVER...

### STUDENT PERFORMANCE IN THE ACADEMIC SESSION 2014-2015

The academic year 2014 - 15 has brought some outstanding performance from our dedicated, hard-working and optimistic batches of students. Here are the ones who have added laurels to our college.



4th year
**Priyanka Bose**
YGPA: 9.49



3rd year
**Rajanya Roy**
YGPA: 9.25



2nd year
**Amitava Ghosh**
YGPA: 9.56



1st year
**Oliviya Das**
YGPA: 9.17

### SUCCESS IN GPAT 2016

The success story of our students in GPAT continues as four students have qualified GPAT 2016 with highly commendable ranks.



**Rajanya Roy**
GPAT Rank: 321



**Arunima Sengupta**
GPAT Rank: 1022



**Sangita Panja**
GPAT Rank: 1295



**Rusham Das**
GPAT Rank: 1881

Previous batches of students, similarly, have cracked the National Test with flying colours inspite of the very high cut-off marks. They are Priyanka Bose (2015), Haimanti Mondal (2015), Subhajit Makar (2015), Anindita Saha (2014), Piyush Agarwal (2014), Gargi Roy (2014), Kaushik Chatterjee (2014), Ismail Mondal (2013), Joydeep Samanta (2013), Sandip Mondal (2013), Chandan Kumar Kyal (2013) and Aditya Banerjee (2013).

## GPAT - AICTE SCHOLARSHIPS

With their dazzling success in GPAT, the following students continued their M. Pharm studies in this Institute with AICTE PG scholarship:

Anindita Saha (M. Pharm, 2nd year), Joydeep Samanta, Sandip Mondal, Prabir Mondal and Ismail Mondal (completed M. Pharm in 2015).

## NOSTALZIK-2015

Strolling down the pebbles and sandy bed of memories, NOSTALZIK 2015 (2nd Alumni meet) was held at the APC Roy Auditorium Hall on 16th of November, 2015. A purposeful gathering of ex-students, existing students, faculty and staff was arranged which was full of memories, experiences and enjoyment. Ex-students of BCRCP who are well engaged in various areas of pharmacy profession (business, industry, hospitals etc) attended the program. A valued interactive session where alumni shared their own individual experiences and discussed the pros & cons of the professional accomplishment was extremely beneficial and motivated the current students. The Alumni Cell was officially launched and its significance was discussed. The next Alumni meet was scheduled on 08.01.2017 (Sunday) with the consent of house. In the cultural event organized by the students of BCRCP, the pass-outs also melodiously sang a song and received much applause. A friendly volley-ball match between the staffs and ex-students was also held as part of glorious reminiscence. The meet ended with a promise to re-unite and everyone bid emotional goodbye to each other and to BCRCP.

## EXTRA CURRICULAR ACTIVITIES

- Kalidas Acharya (B. Pharm., 3rd year) has successfully filed an Indian Patent on his invention "Automatic Saline Controlling Device".
- Ratnala Vamsi of B. Pharm. 3rd year, bagged the first position in UG Poster Presentation in SPIRIT - 2015, conducted by IIT-BHU.
- Ratnala Vamsi and Rishi Raj of B. Pharm 3rd year, won the third prize in Business Event in SPIRIT - 2015, conducted by IIT-BHU.
- Rishi Raj of B. Pharm 3rd year won the 2nd prize in the Fourth National Essay Competition conducted by NIT, AP.
- Souvik Chattopadhyay and Sayan Chatterjee of B. Pharm 3rd year qualified for Semi-final round of National Level Pharma Quiz 2016 organized by Alembic Pharma Ltd. in association with GETZ Pharma Research, Mumbai at Smt. Kishoritai Bhoyar College of Pharmacy, Kamptee, Nagpur.

## FACULTY DEVELOPMENT

Mr. Sudip Mondal, our Assistant Professor, has been awarded his Ph. D. from Maulana Abul Kalam Azad University of Technology (formerly known as WBUT) in November 2015. His thesis title was "Synthesis and Biological Evaluation of Indan-1-Alkanoic Acid Derivatives as Potent Antiinflammatory Agents with Reduced Gastrointestinal Ulcerogenicity.

# IMPRESSIONS

## THE UNTOLD STORY BEHIND INDIA`S FIRST AND WORLD`S 2ND TEST TUBE BABY

-Md Simon Haque, B. Pharm, 1st year

The creator of India's first test tube baby, **DR. SUBHAS MUKHOPADHYAY,** who got his due recognition 27 years after his death, was born in Hazaribag, Bihar, India, on 16th January, 1931. Dr. Subhas Mukhopadhay is the unsung hero who discovered the easiest and most successful way of producing a test tube baby. Infact he was the first Asian to discover such a process but never got recognition during his lifetime. However in 2002, 21 years after his death, **ICMR (Indian Council of Medical Research)** recognised his work for the first time. Dr. Subhas Mukhopadhay created history when he became the **first physician** in India ( and second in the world after Patrick Steptoe and Robert Edward ) to perform the In-vitro fertilization resulting in a test tube baby **"Durga" (Kanupriya Agarwal)** on October 3, 1978, just **67 days** after the world's first test tube baby **Marie Louise Brown** was born. Mukhopadhyay had used gonadotropins for ovarian Stimulation, transvaginal colpotomy to harvest oocytes and cryopreservation of the human embryo. Facing social, bureaucratic negligence and insult instead of recognition from the West Bengal Government and refusal of the Government of the India to allow him to attend International conferences in Japan to discuss his work, he committed suicide in his Calcutta residence in 1981. In 1997 Mukhopadhyay's papers and hand written notes on his technology were assessed by T.C Anand Kumar- former director of the **Institute of Research in Reproduction, Mumbai.** Mukhodhyay's method of **combining Invitro fertilization** and **cryopreservation** of human embryo is the currently preferred technology of medicinally assisted reproduction. Today more than 3 million test tube babies world wide see the light of the day from Dr. Subhas Mukhopadhyay's discovered method. Dr. Subhas Mukhopadhyay is still respected and remembered as someone who invented the most efficient process for the birth of test tube babies.

## EMBARK ON A LOVE AFFAIR WITH GOLF-A DOCUMENTARY ON KASHMIR TOURISM

-Rajanya Roy, B.Pharm, 4th year

The Mughal Emperor Jehangir while reaching the Kashmir valley had rightly said" If there is heaven on earth, it is this, it is this, it is this". If this quote has to be rephrased in the present era it would be very apt to put it like this "If there is a golfing paradise on earth, it is this, it is this it is this". Kashmir is a state blessed with diverse natural splendours, spectacular landscape and distinctive seasons, each more extravagantly beautiful than the other which has all along been a great attraction for tourists worldwide as a preferred destination. At present, Kashmir boasts of having one of the best golf courses in the world ie. The Royal Springs Golf Course as well as the second oldest golf courses, in the country i.e. the Kashmir Golf Course and the highest green golf course in the world which is the Gulmarg Golf Course.

**ROYAL SPRINGS GOLF COURSE-**

With the Zabarwan hills at the backdrop and Dal lake in the front, it is a setting made in a golfer's dream indeed. RSCG is virtual Eden on earth, especially when you consider apple trees lining the greens in great abundance, temptation beckons at every corner. The surroundings are a combination of aesthetic delight and golfing pleasure and playing here is truly a transcending experience for golfers and nature lovers alike.The 18 holes,1590 meters offer a challenge to all levels of players.The fairways are turfed with cool weather grass of different shades. Rye, Kentucky blue and tall Fescue has been bordering the trees and lends a touch of colour throughout the golfing season. With so much in its favour, it's easy to say why RSGC has been voted as India's best golf course.

**PAHALGAM GOLF COURSE(LIDDER VALLEY)-**

The Pahalgam Golf Course will take your breath away with its sheer beauty and design. Set in the pretty town of Pahalgam and surrounded by soaring, fir-covered mountain with bare, snow-capped peaks behind them, the Course is set in a large bowl shaped expanse and is a must experience. Pahalgam Golf course is approximately 100Km from Srinagar and situated at an altitude of 2150 meters. The breath-taking surroundings add to the exhilaration and get your adrenaline pumping. With the clean, pure and revitalised air of Pahalgam for company, this is the closest you will get to attaining 'nirvana' while playing golf.

**GULMARG GOLF COURSE-**

This historical Golf Course was opened by British in 1911.The origin of Gulmarg Golf Course goes back to the late 19th century when a six hole course was made by colonel Neville Chamberlain. It was redesigned in 2011.The Golf Course is carved within a meadow and has atleast 16 different species of wild flowers that grow with colourful lupins.The greens are designed to merge into the natural landscape with undulations and contour merging with the surrounding areas. The grass on the greens is creeping bent, imported from the United States. It is one of the finest summer destinations in the world.

## CHILDHOOD

- Sayantani Ghosh, B.Pharm 2nd year

Childhood............on which stands the whole life structure.The seed sown in childhood blossoms into the tree of life. The education which is imparted in childhood is more important than the education which is received in colleges and universities. In the process of human growth,proper guidance along with environmental learning is important.

The student is always loved by his teacher.A genuine teacher never condemns his student, no matter how bad the student may be. Instead the teacher gently helps and corrects. However much a child misbehaves, a loving mother continue to tenderly care for him. As a mother raises her child with love, gentleness and guidance, so a teacher raises his students.

A true spiritual teacher takes nothing and gives everything----

**"YOUNG AGE IS THE BUDDING PERIOD OF THE FLOWER OF LIFE".**

It needs protection so that the diverse options of others do not create confusion in the mind. A tender mind can be bent easily. Loving guidance and right communication is important. Parents who pay proper attention to their children can help them to pass through the adolescent period. This is the period of shaping the habits of the mind.

A teacher, should create among children a love for beauty and refinement and hatred for vulgarity and violence in act and word. Every teacher has the personality and the ability to make his students strongly feel that their teacher is their friend, philosopher and guide, and thus nurture this tender period to grow into a very beautiful and strong identity in the society.

## In Loving Memory Of My……

-Ankita Banerjee, B. Pharm, 2nd Year

Everyone of us in this life meet with a lot of people with different personalities, but only few of them have the capability to inspire us. In my life it was a special hero who enhanced me with a lot of inspiration and guidance. He is the one who has shaped me into who I am.

He always told me, "You can either work harder or work smarter", meaning that using your head is always helpful. That's why the harder you work, the further you get in your life. Those days of my childhood were full of purity and openness of heart, where everything was coated in sweetness and the hardest decision was picking up the crayons and draw.

Then slowly teenage invaded my life: I was unable to get out of my day dreams and was not able to balance between my hangovers and outings with the important stuff of my life. The world around me was full of fantasies .The strength of his hug said , "I will keep you safe", the gentleness of his hands said, "You are precious to me", but I was unfortunate to part away from him. By the time I felt the strains of distance and age pulling me away from my closeness to this great man, I found him leading into the seventh stage of his "Seven Ages" of life, when his voice shrank, whistles appeared in his sound and there ended his strange eventful history on one fine morning.

**He was my inspiration: My Grandfather.**

Now the room no longer echoes with his laughter. My happiest moments with him glistened tears into my eyes and when he left me, there too were tears but this time it was of loss and I did not find him beside me anymore.

I still miss that person waiting with eager eyes and a pounding heart, all ready to hear my day's experience.

My grandfather is not the brightest star in the sky because he never departed from me: he exists in me as the best blessing I ever got.

## সেবা

-সুমন্ত কুমার ঘোষ, অধ্যাপক

দুজনে নিজেদের সারাদিনের সংগ্রহের হিসাব মিলিয়ে দেখে, স্বযত্নে গুছিয়ে রাখলো। আজকের সারাদিনের সংগ্রহ ৫৭৮০ টাকা। খুব একটা খারাপ না। রবিবারের বাজারে এই রকমই হয়। অন্যদিনের তুলনায় একটু বেশী।

একটা ফাঁকা জায়গায় পাশাপাশি বসে, সামান্য একটু পরিপাটি করে বৈকালিক চা-পর্ব শেষ হলো। এই নিয়ে তিন সপ্তাহ বহ্নি আর মহুল একসাথে কাজ করলো। মহুলের আর কাজ করতে ভালো লাগে না। কোন উৎসাহ পায় না। সেটা অবশ্যই রোজ একই কাজ করতে হচ্ছে বলে নয়। রোজ কর্মক্ষেত্রে এসে নিজেকে ছোটো ভাবাই তার এইরকম অনীহার মূল কারন। তাছাড়া ভিন্ন লোকজনের বিচিত্র মতামত, কটূক্তি, মেজাজ তো আছেই। সব মিলিয়ে এই চাকরির স্বাদ যেন বিস্বাদ হয়ে গেছে। শুধু সংসারের প্রয়োজনে চাকরিটা ও ছেড়ে দিতে পারছে না।

তুলনায় বহ্নির অবস্থা অনেকটায় ভালো। যদিও সে শুধু রবিবারেই এই কাজটা করে। তাও আবার শখে, নেশায় আর ভালো লাগায়। এই নিয়ে টানা তিন সপ্তাহ মহুলের প্রায় সব কথাতেই ছলকে ওঠা হতাশা আর খারাপ লাগা থেকে মনে হচ্ছে যে ওকে একটু ভালো করে বোঝানো দরকার।

মহুলের থেকে অনেকটাই বড় বহ্নি। এদিক ওদিক দুলতে দুলতে ছুটে যাওয়া ট্রেনের জানলা দিয়ে হুড়মুড়িয়ে হওয়া এসে পড়ছে দুজনের ওপর। নানা রকম সারা শব্দ, গন্ধ-দুর্গন্ধের মাঝে চলছে দুজনের কথাবার্তা। বেশ গুছিয়ে কথা বলতে পারে বহ্নি। সে মহুলকে কিছু একটা বোঝাচ্ছে। আর মহুল ও খুব বাধ্য মেয়ের মতো শুনে যাচ্ছে। মাঝে মাথা নাড়িয়ে সম্মতিও জানাচ্ছে।

বহ্নির জীবনটা ভালোই গোছানো ছিল। বাবা মায়ের একমাত্র মেয়ে সে। পড়াশুনাতে সাধারনের থেকে একটু নিচে থাকলেও, পড়াশোনা করতো। তাই Graduation পর্যন্ত খুব একটা বেগ পেতে হয়নি। বাবা মাও লেখাপড়ার পর কন্যাদায় থেকে মুক্ত হতে মেয়ের ভবিষ্যৎ নিয়ে বিশেষ গুরুত্ব দেয়নি। মোটামুটি একটা সুপাত্র দেখে সময়মতো কয়েকশো লোক খাইয়ে বিয়ে দিয়ে দিয়েছে। আর বহ্নিও বেশ উৎসাহের সঙ্গে শুরু করেছে সংসার জীবন। রোজকার সুখদুঃখ হাসি-কান্না-ভালোবাসায় চলতে থাকে তার একটু একটু করে সাজিয়ে তোলা সংসার। বছর দুই পার হতেই দুজনের সংসার তিনজনে পরিণত হয়ে যায়। খুশি আরো বেড়ে যায়।

ভাগ্য বেশীদিন বহ্নির অনুকূলে ছিল না। চার বছর যেতে না যেতেই ছেলেটার Brain Cancer ধরা পড়ল। এরপর শুরু হয় লড়াই। ওর স্বামী কোন কসুর বাকি রাখেনি। যথাসাধ্য চেষ্টা চালিয়ে গেছে। ব্যবসার সামান্য রোজগার, জমানো কিঞ্চিৎ পুঁজি আর অন্যদিকে চিকিৎসার প্রচুর খরচ- তার ছোট্ট সুখের স্বপ্নগুলোকে এক অদৃশ্য সুদর্শন চক্র ছিন্ন-বিচ্ছিন্ন করে দিতে লাগলো।

চিকিৎসার সুবিধা আর শেষ দিনগুলো হেসে খেলে কাটানোর জন্য ডাক্তারের পরামর্শে ছেলেকে একটা হোমে পাঠানো হলো। ডাক্তারের নিজের তত্ত্বাবধনে থাকা প্রায় ২২ জন ফুটফুটে ছেলেকে নিয়ে তৈরী "শিশু সদন"। পরিবেশ অত্যন্ত মনোরম- কিন্তু অভাবটা বড্ড বেশী। কিছু স্বেচ্ছাসেবক, স্বল্প মাইনের সমাজসেবী আর রোগীদের অভিভাবকদের একান্ত প্রচেষ্টা আর অক্লান্ত পরিশ্রম কোনরকমে টিকিয়ে রেখেছে।

অনেক বাধা সত্ত্বেও ডঃ মিহির রায় তার জীবনের সবটুকু দিয়ে এটাকে আগলে রেখেছেন। ভালো লোকে বলে "ডাক্তারের ভীমরতি", নিন্দুকেরা বলে "পসার জমেনি তাই" কিন্তু পৃথিবীতে এখনো কিছু নিঃস্বার্থ, সহৃদয় ব্যাক্তি আছেন। সে যাই হোক, প্রবল অনিচ্ছা থাকা সত্ত্বেও দীর্ঘদিন ধরে ঝিমিয়ে থাকা অনীকের বাচ্চাদের পেয়ে হেসে ওঠা, খেলতে যেতে চাওয়া দেখে- বহ্নি অবশেষে রাজি হল। প্রতিদিন সে ছেলেকে দেখতে যেতো সেখানে। সঙ্গে চকলেট, বিস্কুট, বল, বেলুন সবই থাকতো, যখন বুকে জড়িয়ে আদর করতো, দুচোখ ভরে আসতো জলে। মনে মনে ঈশ্বরের কাছে আত্মসমর্পণ করে জানতে চাইতো যে "কি দোষের শাস্তি এই ভাবে দিচ্ছো ঠাকুর" ?

জ্ঞানতঃ সে বা তার স্বামী কেউ কোনদিন কারো ক্ষতি করে নি। দুজনেই নিতান্তই সহজ সরল মানুষ। কিন্তু ভাগ্যের পরিহাসে তাদের সংসারে হঠাৎ যেন খুব কঠিন হয়ে পরে। অনীক যখন পুরোদমে শিশু সদনের একজন হয়ে উঠেছে, বহ্নিও প্রাথমিক ঝড়টা সামলে নিয়েছে তখন হঠাৎ করে ধনলক্ষ্মী উল্টো দিকে যেতে লাগলো। সংসারের চাপ, ব্যবসার ক্ষতি, অভাব তখন যেন দিশাহারা করে দিলো তাদেরকে। মানসিক ভারসাম্য হারিয়ে যেতে লাগলো তার স্বামীর। হাত-পা অবশ হতে লাগলো। ধার-দেনা, অভাব মেটাতে বহ্নি একটা চাকরীতে ঢুকলো। খুব ভালো কিছু হলো না বটে তবে দুবেলা খাবার জুটলো। এতো ঝড় সামলে বহ্নিকে ঠিক থাকতে হলো। এতো শক্তি বোধহয় শুধু মেয়েদের-ই হয়।

এরপর সবকিছু নিয়ম মাফিক হতে থাকলো। বছর-চারেক পর, একদিন যখন পশ্চিম আকাশে আস্তে আস্তে সূর্য অস্ত গেল তখন অনীক-ও ফুরিয়ে গেল। স্বামী তখন পুরোপুরি বিছানায়। শ্রাদ্ধ-শান্তি করলো বটে, কিন্তু যেন একটা ঘোরে। কোনো তাপ-উত্তাপ ছাড়াই। কিন্তু এই ঝড় বহ্নিকে আরো শক্ত করে দিয়েছে। অনীক-কে হারালেও, শিশু-সদন-কে ছাড়তে পারলো না। মাঝে মাঝে বাচ্চাদের সাথে দেখা করতে যেত্। তাদের জন্য অর্থ সংগ্রহের অভিযানে সে হয়ে গেল একজন নিঃস্বার্থ সমাজসেবী। ব্যাক্তিগত সমস্যাকে সবদিন উপেক্ষা করতে না পারলেও রবিবারে সকাল থেকে লেগে যেত তার সমাজসেবায়। হাওড়া-বর্ধমান রুটের বিভিন্ন ট্রেনে সে উঠে পড়তো আর শিশু সদনের জন্য সকলের কাছে হাত পেতে চেয়ে নিত দান। যাত্রিদের তাচ্ছিল্যের দশ-কুড়ি টাকায় যে দখতে পেতো বসুল-বাবলু-পিকলু-পার্থদের হাসি। ছোট ছোট দাবি পূরণের রসদ। সংগ্রহের সবটাকা সে শনিবার হাফ বেলার চাকরি শেষে দিয়ে আসতো। সঙ্গে নিজের পয়সায় কেনা-ছোট খাটো উপহার।

এই কাজটা খুব একটা সহজ ছিল না। ট্রেনে ছিলো মানুষের বিষাক্ত নজর, শুনতে হতো নানা রকম বিরক্তিকর মন্তব্য, কটূক্তি। উৎসাহ হারিয়ে যেত প্রায়শই। কান্না আসতো, নিজের কাছে নিজেই ছোট হয়ে যেত। সব কিছু ছেড়ে দেবে বলে ঠিকও করেছিলো কিন্তু শনিবার বিকালের সামান্য উপহার আর অর্থ যে কতো হাসি, আনন্দ আর খুশি আনতে পারে তা দেখে নিজের সিদ্ধান্তে নিজেই লজ্জিত বোধ করতো। যদিও কাজের জায়গাটা খুব একটা সুবিধার ছিল না- তাই এবার উভয়সঙ্কট। এই সবই ছিলো প্রথমদিকে। কিন্তু একদিন হঠাৎ হোমের ডাক্তারবাবু তাকে একটা বাঁধানো ছবি দিলেন। হোমের ছেলেদের হাসিমুখের ছবি আর নিচে লেখা "আমরা হাসতে চাই।"

"আর কোনদিন পিছনে তাকাই নি, কোনো বাধাকেই বাধা মনে করি নি, বাজে কথা গায়ে মাখি নি, দশজন না বললে ও আবার এগারো জনের কাছে হাত পেতে নিয়েছি দান। আমার অনীকের হাসি আমি লোকের কাছে চেয়ে নিয়েছি। তুই-ও একটা এইরকম ছবি রাখ তোর ঘরে। সকাল বেলা কাজে আসার আগে দেখে নিস্। আর মনে রাখিস যে কিছুটা সময় তুই অন্যের কথা ভাবিস্, অন্যের জন্যে ভাবিস্। একেই বলে বেঁচে থাকা"

এতক্ষণ কথা বলতে বলতে অনেকবার লক্ষ্য করলেও এবার বহ্নি মহুলকে কুনুই মেরে ঈশারা করলো কয়েকজোড়া লোভী, স্বার্থপর কাপুরুষের চোখের দিকে। বোঝা যাচ্ছে যে ওই লোকগুলোর আলোচনার বিষয় হলো "এরা" বহ্নি বলল "যে যার কাজ করে" ওদের নামারও সময় হয়ে আসছিল। গোছাকে গোছাতে কানে ভেসে এলো- "যত সব দুনম্বর" কাজ। সব নিজেরা খাবে। হুঁ......সমাজসেবা না ছাই"

# নারীদাহ

-অভিজিৎ শাসমল, বি. ফার্ম, দ্বিতীয় বর্ষ

যতো বলিদান নারীর আত্মায়,  
শরীর স্পর্শ আর কালো হাতের ইসারায়।।  
সমাজের হীনমন্যতা-  
ক্ষতপ্রাপ্ত  
তার নিজের সংস্কারে, মানবিকতায়।।  
"যৌন নিগ্রহ" আর "ধর্ষিতা" শব্দ  
আজ ভয়ংকর চোরাবালি।।  
ঝুলবারান্দা থেকে পাড়ার রাস্তা,  
সবেতেই নিগ্রহ স্পষ্ট।।

৪ বছরের মেয়েটা খুব সুন্দর, ফুটফুটে। চোখে কাজল, মাথায় বেনী-লাল ফিতে।। তাই দিয়ে বাজারে যেতো বাবার হাত ধরে।। সকাল পেরিয়ে সন্ধ্যা হলো, সময় ঘড়ি বদলালো, যৌবনতার যৌবন তাকে জড়িয়ে ধরল।। চলতে লাগলো বাবার নজরদারি।। হাতে এলো ফোন, তাতে এলো অ্যাপ। সে হলো নাম্বার অ্যাম্বুলেন্স, স্বাস্থ্যদপ্তর আর তার সাথে পুলিশ। মেজ কাকা লালবাজারের একজন বড়ো র‍্যাংকিং অফিসার। শেখাতে লাগলো বিপদ থেকে বেরিয়ে আসার শিক্ষা, আরও অনেক কলাকৌশল। দিলো না রুখে দাঁড়াবার শক্তি আর সাহস। দেরি হলো একদিন ফিরতে বাড়ি, বান্ধবীর জন্মদিনের অনুষ্ঠানে। রাত হলো ঘড়ির কাঁটা ৯ টা পেরিয়ে প্রায় ১২টা ছুঁই ছুঁই। তবুও এলো না বাড়ি, ফোনও এলো না, পাওয়াও গেল না তাকে। সেদিন ঘিরে ধরল তাকে নামহীন কিছু কালো, কুৎসিৎ, বিশ্রী মুখ। হারিয়ে গেলো তার জীবনের শেখা শব্দগুলো, মেজকাকার কৌশল, মোবাইলের অ্যাপের তারতম্য, জারিজুরি। জীবনে নেমে এলো অন্ধকার। ক্লান্তিতে চোখ বুজে এলো, পিপাসায় গলাটা ফেটে গেলো, তবুও শারীরিক অত্যাচারটা থামলো না। ঘাস ভিজে গেলো রক্তে, জীবনটা হয়ে গেলো অর্থহীন। সমাজের তখন সে একলা যুবতী। পুজো থেকে আড্ডা সব জায়গাতেই সে হয়ে গেলো চরম অস্বাভাবিকতার কারন।

"ধর্ষন" শব্দটির উচ্চারন আজও সবার কাছে গোপনীয়তার আড়াল। তবুও এই শব্দটাই নিত্যদর্শনীয় বা নিত্যশ্রবনীয় একটা শব্দ। একজন নারীর জীবনে এটা শুধুমাত্র লজ্জার কারন নয়, আত্মবলিদানের ও কারন হয়ে দাঁড়ায়। বাড়ি হোক বা ট্যাক্সি বা অন্ধকার ঢাকা কোনো জমি বা পুরোনো কারখানা- সেবেতেই নারীরা ভীতগ্রস্থ। যুবতী হোক বা বয়স্কা মহিলা বা কোনো সদ্যোজাত শিশু-সবাই এর শিকার। ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর পরিসংখ্যান বলছে ১৯৭১ - ২০১০ পর্যন্ত এই ৪০ বছরে ধর্ষনের ঘটনা প্রকটভাবে বেড়েছে ।২০১০ এ প্রতি ৩ মিনিটে একজন

নারী অত্যাচারিতা, এই ঘটনায় শীর্ষে আছে মধ্যপ্রদেশ আর নীচে নাগাল্যান্ড। আমরা যদি আমাদের ছাত্রাবস্থার দিকেও তাকাই তাহলে এই Gen Y ও জাঁতাকলে। আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের Hostel গুলোতেও এক বড় পার্থক্য চোখে পড়ে। Boy's Hostel আর Girls Hostel এর মধ্যে। বাইরে থাকার সময় আবদ্ধতা, অনেক রাতের অন্ধকারে আঁধার প্রকৃতি সন্ধিক্ষনে থাকার বারন সবই Girls Hostel এ। United nations of Department of Economic & social affairs কর্তৃক পৃথিবীর ১৫০ টি দেশে ৪০ বছরে দেখা গেছে বিশ শতকে ভারতে ১-৫ বছরের বালক ও বালিকার মৃত্যুর অনুপাত ১০০:৫৬ এইখান থেকে দেখা গেছে ১৯৯১ সালে ১০০০ এ বালক বালিকার সংখ্যা ছিলো ৯৯৫, ২০১১ সালে সেটা কমে এসেছে প্রায় ৯১৪ এবার যদি দৃষ্টি দিই আমাদের চিরপরিচিত একটা ঘটনার মধ্যে। তা হলো ইভটিজিং, অর্থ কি ? অর্থ হলো রসিকতা, সস্তা অস্বস্তিকর মন্তব্য বা আচরন। সেটা ঝুপড়ি বস্তি থেকে রেললাইনের ধার দিয়ে ঝাঁ চকচকে শপিং মল পর্যন্ত বিস্তীর্ন। যার ফলস্বরূপ ২০১০ সালে ২৪শে নভেম্বর দিল্লীতে ৩০ বছরের মহিলা, কেরালার তিরুয়ন্তপুরম এ ২৩ বছরের নির্যাতিতা তরুনীরা বলিপ্রাপ্তি। ঘটনা আরও অনেক আছে। এই ঘটনা আজ বাড়ছে, কারন আজকাল মেয়েরা নানাকাজে বাইরে বেরোচ্ছে, আর অন্যদিকে বাড়ছে যুবকদের বেকারত্ব আর অপ্রাপ্তিজনিত হতাশা। বাইরের জগতে পা ফেলা মেয়েদের প্রতি ঈর্ষা ও বিদ্বেষের মনোভাব নিয়েই অস্থিরচিত্ত যুবকরাই বিকৃত মানসিকতার পরিচয় দিচ্ছে।

যেখানে রবীন্দ্রঠাকুরও চিত্রাঙ্গদাতে বলে গেছেন,-

"দেবী নহি," নহি আমি সামান্যা রমনী
পূজা করি, রাখিবে মাথায় সেও আমি
নহি, অবহেলা করি পুষিয়া রাখিবে
পিছে সেও আমি নহি, যদি পার্শ্বে রাখ
মোরে সঙ্কটের পথে, দুরূহ চিন্তার
যদি অংশ পাও, যদি অনুমতি কর,
কঠিন ব্রতের তব সহায় হইতে
যদি সুখে দুখে মোরে কর সহচরী
আমায় পাইবে তব নিশ্চয়।"

সেখানেও নারীদের অসম্মান, কেন ? কেন নারীদাহ ? পরিবর্তন দরকার এই অবস্থার। চিরাচরিত মানসিকতার, দরকার একটা সম্যক ধারনার। প্রতিটা স্তরের মানুষদের মধ্যে চেতনা গড়ে তোলা দরকার। কোনো মোমবাতি জ্বালিয়ে নয়, কালো কাপড় বেঁধে নয়, আইনের কঠোর শাস্তি- মৃত্যুদন্ডের হাত দিয়ে। ফিরিয়ে আনা হোক মৃত্যুদন্ড। তাহলেই হয়তো সমাজ বদলাবে, মানুষ বদলাবে, সম্মান ফিরবে নারীজাতির।

## থ্যালাসেমিয়া

-শ্রী নীহাররঞ্জন পাল, অধ্যাপক


ব্যাঙ্গালোর, মাইশোর আর উটি বেড়িয়ে ফিরছি কলকাতায়। পুজোর ছুটিটা ছোট্ট মেয়ের সাথে কিছুদিন কাটিয়ে ফিরছি যশোবন্তপুর এক্সপ্রেস ধরে। ছোট মেয়ে এবং ভাগ্নে চাকরী সূত্রে ব্যাঙ্গালোরে থাকে। ওরা যশোবন্তপুর স্টেশনে আমাদের ট্রেনে তুলে দিয়ে চলে গেছে। ট্রেন ছেড়ে দিয়েছে। কদিন অনেক হইচই করে আমি আমার স্ত্রী আর বড় মেয়ে ট্রেনের রিজার্ভ কামরায় বসা। অনেকটা পথ। রাতের ট্রেন চলছে। বাইরে কিছু দেখার সুযোগ নেই। কাজের মধ্যে খাওয়া, ইচ্ছে হলে গল্পের বই পড়া, বক্‌বক্‌ করা আর ঘুম পেলে ঘুমিয়ে পড়া। আলাপ হল উল্টোদিকের সিটে ব[সা] গড়ফার এক পরিবারের সঙ্গে। তারা স্বামী স্ত্রী ও এক ছেলেকে নি[য়ে] বেড়িয়ে আবার কলকাতা ফিরছেন। দেশপ্রিয় পার্কের পৃথিবী[র] সবচেয়ে উঁচু দুর্গা কিভাবে কলকাতা অচল করে দিয়েছিল পঞ্চমী[র] দিন তাতে আমাদের কেমন ভোগান্তি হয়েছিল সেইসব গল্পই হচ্ছি[ল] নিজেদের মধ্যে। আমাদের অল্পদূরে বসা একটি দরিদ্র পরিবার। স্বামী স্ত্রী আর দুটি সন্তান। বড়টি মেয়ে বছর ছয়ের আর ছোটটি ছেলে বছর চারেকের। কথা বলতে বলতে জানতে পারলাম ছেলেটি[র] থ্যালাসেমিয়া ধরা পড়েছে কিছুদিন আগে। বাবা লরীর ড্রাইভার চব্বিশ পরগনার জয়নগরের কাছে বাড়ী। ছেলেকে বাঁচাতে সর্ব[স্ব] পন করেছেন বাবা। মাঝে মাঝে রক্ত দিতে হয়। কলকাতাতে সে[ই] ব্যাপারটা চলে। দক্ষিনের ডাক্তারদের উপর আস্থাবশত এসেছিলেন ব্যাঙ্গালোরে। উত্তর দিতে পারেন নি তাঁরাও। ট্রেনের [ঐ] কামরার মানুষেরা ঐ পরিবারের প্রতি সহানুভূতিশীল। দুটি রা[ত] একটি দিন একই কামরায়, পারস্পরিক ভাব বিনিময়ও হয়েছিল। ট্রেন থেকে নামার আগে টেলিফোন নাম্বার দিয়েছিলাম। ফার্মাসি[স্ট] হয়ে এ সময় চুপ করে থাকা যায় না।

আমার ভরসা আমার প্রিয় ছাত্রছাত্রীরা। মানুষের একটু ভালো করার জন্য ওরা মুখিয়ে থাকে। প্রয়োজনে ওরা রক্তও দিতে পারে। এই তো কদিন আগেই বি.সি. রায় ফার্মাসী কলেজের প্রাঙ্গনে রক্তদান শিবিরের আয়োজন করেছিল কলেজ কর্তৃপক্ষের সহায়তায়।বার্নপুরের প্রবীর ধর সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন এই অনুষ্ঠান সফল করতে।

কিছুদিন আগে দুঃস্থ ক্যান্টিনের মহিলাকর্মীর বৃদ্ধ স্বামীর জন্য কানের শ্রবন যন্ত্র কেনার ব্যবস্থা করেছিল এই ছাত্ররাই। ভাবছে প্রতিবন্ধীদের জন্য কিছু করার কথা। ক্যান্সার আক্রান্ত রোগীদের কথাও ওদের ভাবায়। ওদের কথা ভেবেই কলেজ কর্তৃপক্ষ "হিতৈষিনী" নামের এন.জি.ও-র প্রতিনিধিদের ক্যানসার প্রতিরোধের সেমিনার করার জন্য কলেজে আহ্বান করেছেন।

গরিব মানুষদের বস্ত্র বিতরনের কথাও ওরা ভাবে। এখন থেকেই ওরা অসুস্থ অসহায় দরিদ্র মানুষদের যাতে সঠিক সেবা প্রদান করতে পারে তার জন্য নিজেদেরকে যোগ্য করে তোলার চেষ্টা করছে।

এমন ছাত্রছাত্রীদের মাষ্টার মশাই হতে আমি আবার জন্মাতে রাজি। আর একটা কথা বলে রাখি কিছু বিষয়ে আমিই ওদের ছাত্র হতে ভালবাসি।



# অপু

-শুভম সাহা, বি. ফার্ম, ২য় বর্ষ

বাঁধ ভাঙ্গা নদীর বন্যার স্রোতের ন্যায় ফুলে ফেঁপে রাগ করে বাড়ি ছেড়ে বেরিয়ে পড়েছিল ছেলেটি। ছেলেটির নাম অপু। দিনটি ছিল এক আঁষাঢ় মাসের বৃষ্টি ভেঁজা সোমবার। ওর বয়েস খুব বেশি নয় সেইদিনই ওর মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট বেরিয়ে ছিল। ও পড়াশোনায় খারাপ নয় তবে রেজাল্টটা আশানুরুপ না হওয়ায় বাবা মা অসন্তুষ্ট। ও সারাদিনই বই নিয়েই বসে থাকত কিন্তু মনটা থাকত অন্যত্র। দেয়ালের দিকে তাকিয়েই আকাশ পাতাল কত কিনা ভাবত। পড়াশোনা করতে এক কথায় ওর ভালোই লাগত না। অপুর বাবা বড় সরকারি অফিসার ছেলের এত অবনতি লক্ষ্য করে বাড়ি ফিরে একটু বকাবকি করতেই বাবার ওপর রাগ করে না খেয়েই ঘরের দোর দিল। বাবার মানুষ হয়ে ওঠার জন্য কথাগুলো ওকে ছিঁড়ে খাচ্ছিল। তাই অপু থাকতে না পেরে মাঝ রাতে নিঃশব্দে বাড়ি ছেড়ে বেরিয়ে পড়ল অজানা ভবিষ্যতের দিকে। গা ছমছমে রাত, নিয়ন লাইটগুলো মনে চ্ছে ওর দিকেই উজু হয়ে তাকিয়ে আছে। দু চারটে কুকুর ছাড়া স্তায় কোন নরাস্তিত্ব বলতে একদমই নেই। রাতটা ওর রাস্তাতেই টল। পরদিন সকালে হাঁটতে হাঁটতে স্টেশনে এসে একটা অজানা দুরপাল্লার ট্রেনে চেপে গেল। দিন যতই বাড়ছিল ক্ষুধা তাড়নায় জীবন যেন ওষ্ঠাগত হয়ে আসছিল। হঠাৎ লক্ষ্য করল একটি ছোট ছেলে জীর্ন বস্ত্র, একটা ঝাঁটা হাতে কি যেন একটা কুড়িয়ে কুড়িয়ে খাচ্ছিল। অপু কাছে গিয়ে একটু একটু করে ওর সাথে ভাব জমাতে থাকল। তার কাছ থেকে জানতে পারল সে অনাথ। বাবা মাকে জীবনে চোখের দেখাও দেখেনি আর পড়াশোনা করা তো স্বপ্নেও আসে না। দুবেলা দুমুঠো অন্নও তার সাথে ছেলেখেলা করে। ওই ছেলেটি চলে যেতেই অপুর আত্ম অন্তর্দর্শনে গভীর অন্ধকারের ঘনঘটায় চোখ থেকে বিন্দু বিন্দু জল তার চিবুক বেয়ে ট্রেনের মেঝেতে পড়তে থাকলো। মা বাবাকে খুব মনে পড়ছিল। সে বার বার এটাই অন্তর্দর্শনে বুঝতে পারছিল যে, তারা তো বেশি কিছু চান না শুধু চান তাদের সন্তান যেন লেখাপড়া শিক্ষা দীক্ষায় মানুষের মতো মানুষ হয়ে ওঠে, ওই ট্রেনের ভবঘুরে ছেলেটির থেকে সে তো অনেক বেশি সৌভাগ্যবান সে তো অন্তত কাউকে মা বাবা বলে ডাকতে পারে। তাই আর সময় নষ্ট না করেই স্টেশনে দাড়িয়ে থাকা ট্রেন থেকে নেমে প্রান পনে বাড়ির দিকে ছুট দিল। আর মনে মনে ভাবছিল গিয়েই বাবাকে গলা জড়িয়ে ধরবে। সেই দিন থেকে আজ প্রায় দশ বছর কেটে গেছে। আজ অপু বড় সংস্থার প্রধান ইঞ্জিনয়ার। চোখ বুজলেই সে বুঝতে পারে তার বাবা মার অবদান আর সেই রাতের অভিজ্ঞতা।

## POETRY CORNER

### TO E[illegible] HUMAN

-Anu[illegible] Banerjee, B. Pharm, 1st year

We are human
A lump of bones and blood
Seasoned with feelings
and dreams.
We cry ourselves hoarse
Singing songs of freedom
And equality
Yet there are times when
The beast in us
Cause streams of blood to flow
In the name of caste and creed.
Wars raze in the world
Many homes are destroyed
Yet why do we deny that man
Himself is the greatest
Enemy of man.
We forgive our own misdeeds
By saying that to err is human
But does it ever come to our minds
That to forgive is divine?





### SOLTITUDE

- Arpita Mishra, B. Pharm, 2nd year.

There are words people speak'
Often so null and void.
Echoing in the empty darkness,
Often depressed, often annoyed.
Yet there are so many feelings in eyes of her,
Anguish, lament pain and fear.
Fear to laugh, fear to be happy again
Everything of hers was lost in a game.
She was happy once,
With no reasons around,
She has reasons now,
But no chuckling in her sound.
Cries she alone, cries she in vain.
For all she wants, is her life to end.
But till the blood of her heart drains,
She has to wait and suffer the pain.
Immortal pain, she hopes will end one day
One day, she too will be happy and gay again
Like others, like all others.
Crying she now, tired of crying
Trying she now, tired of trying.
Losing to the battle of life,
Fearing to lose,
Holding her feelings too close.
All left her alone,
Everything she had was lost and gone.....

# PHOTO GALLERY



Independence Day Celebration




Orientation Day




Campus Interview



Nostalzik - 2016




Blood Donation Camp




World Health Day celebration





National Seminer on Council of Viral Menace




Meeting of the board of Governors



NSS Programme



Inauguration of "Pharmawave"




National Seminar




" Zenith" Cultural Programme

*We greatfully acknowledge the contributions made by our Faculty, Staff and Students.*

Patron : Sri D. Mitra, President Editor in Chief : Prof. (Dr.) S. Chakraborty (Director) Editor : Miss Nasrat Jahan Afrinse

Published by : Sri Dulal Mitra, President, Dr. B. C. Roy Engineering College society, Durgapur - 713206

**Printed by Chanchal Sarkhel, Dhunara Plot, Durgapur - 13, 9232488967 / 7679015335**